গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☏ ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ৪২৬ তারিখঃ ২৭/০৪/২০২১

# অফিস আদেশ

মহামান্য সুপ্রীম কোর্ট এর হাইকোর্ট বিভাগে দাখিলকৃত রীট পিটিশন নম্বর-৪৫৮৫/২০১৬ ও আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নম্বর-২০/২০১৮ এর প্রদত্ত আদেশ এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর শাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০৩০.২৭.০০১.১৭-১৭১ তারিখ-০৯-১২-২০১৯ খ্রিস্টাব্দ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৫ এর নং-১০.০০.০০০০.১২৯.০৪.১৩২.১৮-০৩ তারিখ-০৮-০১-২০১৯ খ্রিস্টাব্দ নির্দেশনামতে এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ নন-গেজেটেড অধিশাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০৩০.৩১.০০৪.১৯-৯১ তারিখ-৩০-০৬-২০১৯ এর ধারাবাহিকতায় মামলায় পক্ষভুক্ত কর্মচারীদেরকে প্রথম যোগদানের তারিখ হতে নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে সড়ক ও জনপথ অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত স্ব-স্ব পদে ভূতাপেক্ষভাবে নিয়মিতকরণ করা হলো।

| ক্রমিক নং | আর্জিতে বাদীর ক্রঃ নং | নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা | পদবী | জন্ম তারিখ (খ্রিস্টাব্দ) | প্রথম যোগদানের তারিখ | ওয়ার্কচার্জড হিসেবে সর্বশেষ কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | ৭২ | আবদুল লতিফ হাওলাদার<br>পিতা-হাচন আলী শিকদার<br>মাতা-মোসাঃ আছিয়া বেগম<br>গ্রাম-মতাসার, ডাকঘর-চরবাড়িয়া<br>থানা-বরিশাল সদর, জেলা-বরিশাল | গ্রীজার | ৩১-০১-১৯৬২ | ০১-০৯-১৯৮৩ | সড়ক উপ-বিভাগ-২, বরিশাল | -- | ফেরী সার্কেল, খুলনা সংযুক্ত করা হলো (বয়স ৫৯ বছর অতিবাহিত) |
| ২. | ৭৫ | মোঃ ইউনুচ মোল্লা<br>পিতা-খবির উদ্দিন<br>মাতা-ছাহেরা বেগম<br>গ্রাম-ইদেলকাঠী, ডাকঘর-শিকারপুর<br>থানা-বাবুগঞ্জ, জেলা-বরিশাল | গ্রীজার | ১০-০১-১৯৬২ | ০১-০১-১৯৮২ | সড়ক উপ-বিভাগ-২, বরিশাল | -- | ফেরী সার্কেল, খুলনা সংযুক্ত করা হলো (বয়স ৫৯ বছর অতিবাহিত) |
| ৩. | ২৩৬ | মোঃ মোজাম্মেল হক সিকদার<br>পিতা-মোঃ আমজেদ আলী সিকদার<br>মাতা-মোসাঃ সকিনা বেগম<br>গ্রাম-বদরপুর, ডাকঘর-মৌকরন<br>থানা-পটুয়াখালী, জেলা-পটুয়াখালী | সুকানী | ০১-০১-১৯৬৩ | ০১-০২-১৯৮৭ | সড়ক উপ-বিভাগ, পটুয়াখালী | ফেরী সার্কেল, খুলনা | |
| ৪. | ২৬০ | মোঃ শাহজাহান শরীফ<br>পিতা-রত্তন শরীফ<br>মাতা-ফুল ভানু<br>গ্রাম-লাউকাঠী, ডাকঘর-লাউকাঠী<br>থানা ও জিলা-পটুয়াখালী | গার্ড | ৩১-০৮-১৯৫৭ | ০১-০৪-১৯৭৯ | সড়ক উপ-বিভাগ, পটুয়াখালী | -- | সড়ক উপ-বিভাগ, পটুয়াখালী সংযুক্ত করা হলো (বয়স ৬০ বছর অতিবাহিত) |

**শর্তসমূহ:**

১) নিয়মিতকৃত কর্মচারীগণকে মন্ত্রীপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা এর নম্বর-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০ তারিখ ১২-০৪-২০২১ মাধ্যমে জারীকৃত করোনাভাইরাসজনিত কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি-নিষেধ আরোপ শেষ হওয়ার পরবর্তী ৭ম কার্যদিবসের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে এবং তার সংশ্লিষ্ট দপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে অত্র দপ্তরকে অবহিত করতে হবে।

২) জ্যেষ্ঠতা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান মোতাবেক এ আদেশ দ্বারা নিয়মিতকৃত কর্মচারীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

৩) ইহা একটি বিশেষ নিয়োগ হিসেবে অত্র অধিদপ্তরে গণ্য হবে এবং পরবর্তীতে অন্য কোন কর্মচারী এ প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বর্ণিত পদে কিংবা অন্য কোন পদে নিয়োগ দাবী করতে পারবে না।

৪) নিয়োগকৃত কর্মচারীদের বেতন/ভাতাদি, পেনশন, আনুতোষিক এবং অন্যান্য সুবিধাদি সরকারী প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

৫) নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের মধ্যে ইতোমধ্যে যারা মৃত্যুবরণ করিয়াছেন এবং ৫৯ বছর বয়স অতিবাহিত করেছেন তাদেরকে স্ব-স্ব পদে প্রথম যোগদানের তারিখ হতে নিয়মিত সংস্থাপনে আনয়ন করা হলো। উক্ত কর্মচারীদের মধ্যে মৃত্যুবরণ করা ও ৫৯ বছর বয়স অতিবাহিত করা কর্মচারীদের নাম কর্মচারীর নামের বিপরীতে পদায়নের কলামে উল্লেখ করা হলো। চাকুরীরত অবস্থায় মৃত কর্মচারীদের ক্ষেত্রে যোগদানের তারিখ হতে মৃত্যুর দিন পর্যন্ত নিয়মিত সংস্থাপনে চাকুরী করেছেন বলে বিবেচিত হবে। এই ক্ষেত্রে তারা তাদের পেনশন/পারিবারিক পেনশন সর্বশেষ কর্মস্থল হতে আহরণ করবে।

৬) চাকুরীরত যে সকল কর্মচারীর বয়স ৫৯ বছরের বেশী এবং ৬০ বছরের মধ্যে আছে তাদের পেনশন প্রদানের ক্ষেত্রে ৫৯ বছরের অধিক সময়ের চাকুরীর বেতন ভাতা সমন্বয় করতে হবে।

৭) যে সকল কর্মচারী বয়স ৬০ বছর অতিবাহিত করেছে তাদের পেনশন প্রদানের ক্ষেত্রে অতিরিক্ত সময়ের বেতন-ভাতা সমন্বয় করতে হবে।

৮) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ কর্তৃক দাখিলকৃত তথ্যাদি অপ্রমাণিত হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

৯) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীদের স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ হতে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরে চাকুরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরৎ প্রদান করতে হবে।

১০) চাকুরী হতে অবসর/অব্যাহতি গ্রহনের ক্ষেত্রে সরকারী প্রচলিত বিধি-বিধান মোতাবেক প্রযোজ্য হবে।

১১) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১২) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা প্রদান করা হবে না।

২৭/৪/২০২১
(মোঃ আব্দুস সবুর)
পরিচিতি নং-০০৫০২৪
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ৪২৬/২(১) তারিখঃ ২৭।০৪।২০২১

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম-সচিব, নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা)

২৭/৪/২০২১
(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
☏ ০২-৮৮৭৯৩১৫

স্মারক নং-৩৫.০১.০০০০.১৫০.১১.০৩৩.২০- ৪২৬/২(৩০) তারিখঃ ২৭।০৪।২০২১

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ/প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ..........................................................................
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ/পরিচালক (তঃপ্রঃ, সওজ)/ অতিরিক্ত প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ....................................
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (আদেশটি RHD Website-এ প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫। পরিচালক (তঃপ্রঃ), সওজ, সড়ক গবেষণাগার, মিরপুর, ঢাকা।
৬। পরিচালক, নিরীক্ষা ও হিসাব, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭। উর্ধ্বতন অর্থনীতিবিদ, সওজ, অর্থনীতি সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। এস্টেট এন্ড ল'অফিসার, ..........................................................................................
১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ..........................................................................................
১২। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৩। নির্বাহী প্রকৌশলী, সওজ/ প্রকল্প ব্যবস্থাপক (নিঃপ্রঃ, সওজ), ..................................................
১৪। উপ-পরিচালক, নিরাপত্তা দপ্তর, সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................................................................
১৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, ..........................................................................................
১৭। প্রশাসন ও সংস্থাপন শাখা-২, প্রধান প্রকৌশলীর কার্যালয়, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৮। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .

২৭/৪/২০২১
(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
☏ ০২-৮৮৭৯৩১৫